

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

اَلْفَصْلُ الثَّنِفْ (بَابِ الْبِكاءِ وَالْخَوْف)

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ أَبُو بَكْرِ: يَا رَسُولَ اللَّهِ قَدْ شِبْتَ. قَالَ: شَيَّبَتْنِي (هود) و (المرسلات) و (عمَّ يتساءلون) و (إذا الشَّمْسُ كُوِّرَتْ) رَوَاهُ التِّرْمِذِيُّ وَذُكِرَ حَدِيثُ أَبِي هريرةَ: لَا يلج النَّار «فِي» كتاب الْجِهَاد

سنده ضعیف ، رواه الترمذی (3297) \* ابو اسحاق عنعن و للحدیث شواهد ضعیفة و روی الطبرانی فی الکبیر (17 / 286 - 287 ح 790) بسند حسن عن عقبة بن عامر رضی اللم عنم ان رجلاً قال : یا رسول اللم ! شبت ؟ قال : ((شیتنی هود و اخواتها)) وهو یغنی عنم - 0 حدیث ابی هریرة : لا یلج النار ، تقدم (3828) -

#### বাংলা

৫৩৫৪-[১৬] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ বকর (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল! আপনি তো বৃদ্ধ হয়ে গেছেন। উত্তরে তিনি (সা.) বললেন, সূরাহ্ হূদ, ওয়াকি'আহ্, মুরসালাত, 'আম্মা ইয়াতাসা- আলূন ও ইযাশ শামসু কুভভিরাত ইত্যাদি আমাকে বৃদ্ধ করে ফেলেছে। (তিরমিযী)

এ ব্যাপারে আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হদীস (﴿يُلِيِّ النَّالِيَ "যারা আল্লাহর ভয়ে ক্রন্দন করবে তারা জাহান্নামে প্রবেশ করবে না" কিতাবুল জিহাদে উল্লেখ হয়েছে।

# ফুটনোট

সহীহ: প্রাণ্ডক্ত। (তিরমিয়ী ৩২৯৭, সিলসিলাতুস সহীহাহ্ ৯৫৫, মুসনাদে বায্যার ৯২, আবূ ইয়া'লা ৮৮০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৭৭৪।)



## ব্যাখ্যা

ব্যাখ্যা : (...আমা ও ইয়াশ শামসু কুভভিরাত সূরাহ্ বার্ধক্যে উপনীত করেছে। কেননা এই সূরাগুলোতে কিয়ামতের ভয়ানক অবস্থার বর্ণনা করা হয়েছে। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন